গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২./১২২৭/১

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির আগস্ট ২০২২ মাসের পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২৪.৪৫.০০১.২১.১০০, তারিখ: ২২-০২-২০২২

২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিং' কমিটির আগস্ট ২০২২ মাসের পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৪/০৯/২০২২

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব
ফোন: ৯৫৭০৬৫৮
e-mail: dsdev3@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, কাওরান বাজার, ঢাকা

নম্বর: ২৮.০০.০০০০.০৩৪.০৭.০১৫.২২.

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (অপারেশন-২ অধিশাখা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

মোছাঃ মোর্শেদা ফেরদৌস
উপসচিব

D:\APA

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কার্যক্রম মনিটরিং কমিটি'-এর আগস্ট ২০২২ মাসের সরেজমিন পরিদর্শন প্রতিবেদন

**বিষয়: বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে কূপ খনন কার্যক্রম মনিটরিং' কমিটি'র আগস্ট ২০২২ মাসের সরেজমিন পরিদর্শন প্রতিবেদন**

১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অফিস আদেশ নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ তারিখ ২৫-০৭-২০২২ এর মাধ্যমে মাসিক ভিত্তিতে কূপ খনন কাজ মনিটরিংয়ের জন্য কমিটি গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী কমিটি উক্ত কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

২। বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এর আওতাধীন বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প পরিদর্শন করা হয়।

- পরিদর্শনের তারিখ: ২৭ আগস্ট ২০২২।
- পরিদর্শনকারী কর্মকর্তা:
  জনাব মোছা: মোর্শেদা ফেরদৌস, উপ-সচিব (উন্নয়ন-৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- আয়োজক: বাপেক্স।
- পরিদর্শনকৃত এলাকা: ভোলা।

৩। **বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং কার্যক্রম:**

| বাস্তবায়নকারী প্রতিষ্ঠান | পরিদর্শনকৃত স্থান | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) | বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প | - বাপেক্স হতে জানা যায়, প্রকল্পের মূল কাজ হচ্ছে ভূমি অধিগ্রহণ, ভূমি উন্নয়ন ও পুর্ত নির্মাণ কাজ; টার্ন-কী ভিত্তিতে বৈদেশিক মালামাল ক্রয়; তৃতীয় পক্ষীয় সেবা সংগ্রহ; কূপ খনন ও পরীক্ষণ (ভোলা)।<br><br>প্রকল্পের অগ্রগতি:<br>• ৩০-০৭-২০২১ তারিখে ভার্চুয়াল প্ল্যাটফর্মে/অনলাইনে গ্যাজপ্রম ও বাপেক্স যৌথ স্বাক্ষরে Addendum 7 টি চূড়ান্তকরণ সম্পন্ন হয়। এছাড়া, গ্যাজপ্রম কর্তৃক ২৯-০৯-২০২১ তারিখে Performance Guarantee দাখিল করা হয়। ০৪-১১-২০২১ তারিখে ঋণপত্র (এলসি) স্থাপন করা হয়েছে এবং এতদসংক্রান্ত বিষয়ে রাজস্ব বোর্ড কর্তৃক ভেটিং এবং অন্যান্য কার্যক্রম গৃহীত হয়েছে। ইপিসি ঠিকাদার গ্যাজপ্রমের মাধ্যমে সাইট ডিমার্কেশন সম্পন্নকরত: সাইট ডেভেলপমেন্ট কার্যক্রম সম্পন্ন হয়েছে। রিগ, জনবল, মালামাল, কেসিং, মাড কেমিক্যাল, এক্সপ্লোসিভ, টিউবিং মালামাল আমদানী কার্যক্রম সম্পন্ন হয়েছে। ফেন্সিং, সেলার সার্ভে, রিগ ফাউন্ডেশন, মেশিনারী ফাউন্ডেশন, মাড পিট, গোডাউন, ক্যারাভ্যান স্কিড, সিকিউরিটি শেড নির্মাণ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে কেসিং পাইপ, টিউবিং, কেমিক্যাল, সিমেন্ট এর লট ভোলা স্থাপনায় পৌঁছেছে। টবগী-১ স্থাপনায় রিগ ও আনুষঙ্গিক মালামাল, জনবল, টুলস মোবিলাইজেশন সম্পন্নকরত: রিগ আপ সম্পন্ন হয়েছে।<br>• ভূমি হুকুমদখলকরণের নিমিত্ত জেলা প্রশাসক, ভোলা বরাবরে প্রাক্কলিত বিল পরিশোধ করা হয়েছে। ২৮-০২-২০২১ তারিখে পরিবেশ অধিদপ্তর হতে প্রকল্পের |

| | | |
|---|---|---|
| | | অনুকূলে পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে।<br>• প্রকল্পের অন্তর্ভুক্ত ০৩টি কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন ও কূপ খনন এলাকাসমূহে গমণের সংযোগ সড়ক নির্মাণ কার্যক্রম চলমান আছে; তন্মধ্যে টবগী-১ কূপ এলাকার ভূমি উন্নয়ন কার্যক্রম এবং গ্রামীন সড়ক নির্মাণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। নির্বাচিত ঠিকাদারের দাখিলকৃত Performance Guarantee এর বিপরীতে ঋণপত্র খোলা হয়েছে এবং তৎপরবর্তী খনন রিগ, জনবল, বিভিন্ন মালামাল, ড্রিল পাইপ, কেসিং, টিউবিং, কেমিক্যাল, তৃতীয় পক্ষীয় সেবা সংক্রান্ত সার্ভিস আমদানী ও সাইটে স্থানান্তর কার্যক্রম চলমান আছে। গ্যাজপ্রম কর্তৃক নিয়োজিত খনন ঠিকাদার ও তৃতীয় পক্ষীয় সার্ভিস প্রদানকারী ঠিকাদার এর মাধ্যমে টবগী-১ কূপ স্থাপনার সাইট ডেভেলপমেন্ট কার্যক্রম সম্পন্ন পরবর্তী রিগ ও আনুষাঙ্গিক ইক্যুইপমেন্ট (জেনারেটর, মাড ট্যাংক, বিওপি, লগিং সিস্টেম) ইন্সপেকশন ও ইনস্টলেশন কার্যক্রম শেষ হয়েছে।<br>• ১৯-০৮-২০২২ তারিখে টবগী-১ কূপটি Spud-in করা হয়েছে। কূপটি ৩৫৫০ (± ১০০) মিটার গভীরতায় খননের জন্য নির্ধারিত রয়েছে এবং ৬০ দিনের মধ্যে ড্রিলিং সম্পন্ন করা হবে। এ পর্যন্ত প্রায় ১২০০ মিটার গভীরতা পর্যন্ত ড্রিলিং সম্পন্ন হয়েছে। |

৪। <u>কূপ খনন কার্যক্রমের স্থিরচিত্র:</u> সংযুক্ত

৫। **বাপেক্স এর ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শনের পর পর্যবেক্ষন/সুপারিশ নিম্নরূপ:**

ক) নির্ধারিত সময়ের মধ্যে টবগী-১ কূপ খনন কাজ সম্পন্ন করার জন্য সচেষ্ট থাকতে হবে;

খ) খনন পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ইলিশা-১ ও ভোলা নর্থ-২ কূপ খনন কাজ শুরু করতে হবে।

০৪.০৯.২২

মাসুদ জামান
উপ-মহাব্যবস্থাপক
প্লানিং এন্ড মনিটরিং ডিভিশন
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব
সংশ্লিষ্ট কমিটি।

০৪/০৯/২০২২

মোছা: মোর্শেদা ফেরদৌস
উপ-সচিব (উন্নয়ন-৩)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

০৪/০৯/২০২২

জনাব মোঃ হাফিজুর রহমান চৌধুরী
যুগ্মসচিব (অপারেশন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য
সংশ্লিষ্ট কমিটি।

৪/৯/২০২২

ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক
সংশ্লিষ্ট কমিটি।




BAPEX
বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
টবগী-১ কূপ লোকেশন
(Tabgi-1 Well Location)
মুলাইপত্তন, মুন্সিরহাট, বোরহানউদ্দিন, ভোলা।



